গনপ্রজাতন্ত্রী বাংলা দেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
পরিকল্পনা ইউনিট
৬,কাওরানবাজার, ঢাকা ।

স্মারক নং - পপঅ/পরি/এনজিও নীতিমালা /০১/০৪/ ৩৮৮   তারিখঃ ১১/০৭/২০১৭খ্রিঃ

অসরকারী সংস্থার অধিভুক্তিকরণ নীতিমালা

পরিবার পরিকল্পনা, মা-শিশু ও কিশোর কিশোরীদের স্বাস্থ্য সেবা এবং পুষ্টি কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট অসরকারী ও স্বেচ্ছাসেবী সংস্থাসমূহকে নিম্নোক্ত শর্তাদি পূরণ সাপেক্ষে পরিবার পরিকল্পনা অধিদপ্তরে অধিভুক্তি করা (Affiliation) হবে ।

শর্তসমূহ ঃ

১। সকল অসরকারী সংস্থাকে অধিভুক্তির জন্য সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার মাধ্যমে সংস্থার নিজস্ব প্যাডে অধিদপ্তরের নির্ধারিত আবেদন ফরম অনুযায়ী মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর বরাবর আবেদন করতে হবে। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, অধিভুক্তির জন্য আবেদনকারী অসরকারী সংস্থাটির সকল কাগজ পত্র (ফরমেট অনুয়ায়ী সংস্থার আবেদন, গঠনতন্ত্র , সর্বশেষ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নির্বাহী কমিটির তালিকা, কার্যক্রম মূল্যায়ন প্রতিবেদন,অধিভুক্তি নবায়ন কমিটির সুপারিশ, অধিভুক্তি নবায়নের ফি বাবদ প্রদত্ত ট্রেজারী চালানের কপি, অর্থায়ন সংক্রান্ত তথ্য, পূর্ববর্তী এক বছরের নিরীক্ষা প্রতিবেদন) সংযুক্ত করে অধিভুক্তিকরণের পক্ষে/বিপক্ষে সুস্পষ্ট মতামতসহ সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা'র বরাবরে প্রেরণ করবেন এবং জেলার উপ-পরিচালক, সুনির্দিষ্ট মতামতসহ মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর বরাবর প্রেরণ করবেন। সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা'র মাধ্যম/সুপারিশ ব্যতিত কোন সংস্থার অধিভুক্তিকরণের জন্য অধিদপ্তরের সাথে সরাসরি যোগাযোগ গ্রহণযোগ্য হবে না।

২। আবেদনকারী সংস্থাকে সমাজকল্যান অধিদপ্তর /এনজিও বিষয়ক ব্যুরো / রেজিস্টার জয়েন্ট স্টক কোম্পানির (যে কোন একটি প্রতিষ্ঠান) হতে নিবন্ধিকৃত হতে হবে। আবেদনের সাথে কমপক্ষে যে কোন একটি নিবন্ধন সনদের সত্যায়িত ছায়াকপি সংযুক্ত করতে হবে।

৩। অধিভুক্তিকরণের জন্য সংস্থার নির্বাহী কমিটি কর্তৃক পরিবার পরিকল্পনা, মা-শিশু ও কিশোর কিশোরীদের স্বাস্থ্য সেবা এবং পুষ্টি কার্যক্রমের লক্ষ্যে গৃহীত সিদ্ধান্তের কপি/কার্যবিবরণী আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৪। অধিভুক্তির জন্য অধিভুক্তি ফি বাবদ ২,০০০/-(দুই হাজার) টাকা ট্রেজারী চালানের কোড নং ১-২৭৮১ ০০০০-১৮৩৬ এ জমাদান পূর্বক জমার স্বপক্ষে স্থানীয় ট্রেজারীর প্রত্যয়নপত্র গ্রহণ করে (সিটিআর) সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কর্তৃক সত্যায়িত ছায়ালিপি আবেদনপত্রের সঙ্গে সংযোজন করতে হবে।

৫। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সাথে অধিভুক্তির পর যদি কোন অসরকারী সংস্থা এলাকা সম্প্রসারণ কিংবা নতুন ক্লিনিক পরিচালনা করতে আগ্রহী হয়, তাহলে বিদ্যমান নীতিমালা অনুযায়ী অনুমোদন নিতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট জেলায় কর্মরত একই অসরকারী সংস্হার অন্য ক্লিনিকের সাথে অনুমোদনের সময়কাল সমন্বয় করা হবে।

৬। সংস্থার কার্যক্রম পরিচালনার জন্য দাতা সংস্থা কর্তৃক দেয় অঙ্গীকার পত্রে (commitment for fund) (যদি থাকে) অর্থের পরিমান ও সহযোগিতার মেয়াদ উল্লেখ করতে হবে। দাতা সংস্থার অঙ্গীকার না থাকলে নিজস্ব অর্থায়নের ক্ষেত্রে অর্থের উৎস সম্বলিত সকল প্রমানাদি এবং সংস্থার পরিচালনা ব্যয় নির্বাহের খাতওয়ারী বিবরণ ও হালনাগাদ টিআইএন (TIN) নম্বরের সনদ পত্র দাখিল করতে হবে।

৭। আবেদন পত্রের সাথে সংস্থার অগ্রীম ০৩(তিন) বছরের সেবা ভিত্তিক কর্মপরিকল্পনা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিদ্যমান নীতিমালার সাথে সামঞ্জস্য রেখে দাখিল করতে হবে। সেইসাথে সংস্থার মাসিক প্রাক্কলিত জন্মনিরোধক দ্রব্য সামগ্রীর পদ্ধতি ভিত্তিক চাহিদার পরিমান উল্লেখ করতে হবে।

৮। কমিউনিটি বেইজড ডিস্ট্রিবিউশন (সিবিডি) কার্যক্রমের জন্য সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক বন্টনকৃত ও সংশ্লিষ্ট উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা কর্তৃক সুপারিশকৃত নিম্নলিখিত ছক অনুয়ায়ী এলাকা বরাদ্দপত্র (ক্লিনিক্যাল কার্যক্রম পরিচালনাকৃত কোন সংস্থার যদি সিবিডি কার্যক্রম পরিচালনা করতে চায় তার ক্ষেত্রেও প্রয়োজ্য হবে) প্রেরণ করতে হবে। যে সব এলাকা বন্টন করা হবে সেখানে পরিবার কল্যাণ সহকারী (FWA) আছে কি-না, থাকলে অসরকারী সংস্থাকে পরিবার কল্যাণ সহকারী (FWA)'র জন্য নির্দিষ্ট এলাকা কেন বন্টন করা হলো তার যৌক্তিকতা উল্লেখ করতে হবে। সংস্থাকে বাড়ী পরিদর্শনভিত্তিক সেবা (domiciliary service) দেয়ার অঙ্গীকার পত্র আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। সিবিডি কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট অসরকারী সংস্থাকে সরকারী নীতিমালা (FWA রেজিষ্টার) অনুযায়ী সক্ষম দম্পতি রেজিষ্ট্রেশন ও সেবা প্রদান করতে হবে।

জেলা/ উপজেলার নাম	সিটি কর্পোরেশন /পৌরসভা/ ইউনিয়নের নাম	ওয়ার্ড/ ইউনিটের নম্বর	এনজিও কর্মীর নাম	গ্রামের নাম	সংস্থার মাঠকর্মীকে বন্টন যোগ্য সক্ষম দম্পতির সংখ্যা	FWA'র সক্ষম দম্পতির সংখ্যা	সংশ্লিষ্ট এলাকার মোট সক্ষম দম্পতির সংখ্যা

৯। বন্টনকৃত এলাকায় একের অধিক কোন অসরকারী সংস্থাকে কাজ করতে দেয়া যাবে না । তবে জনসংখ্যা ও সেবা চাহিদার পরিপ্রেক্ষিতে এবং স্থানীয় কর্তৃপক্ষের বিবেচনাক্রমে, জনসংখ্যা ৬০০০(ছয় হাজার) এর অধিক হলে একাধিক ক্লিনিক/ সংস্থা থাকতে পারে।

১০। ক) সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়নে অসরকারী সংস্থাকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধীনে সিবিডি কার্যক্রম পরিচালনার জন্য অধিভূক্তির ক্ষেত্রে সুপারিশ করার পূর্বে নিম্নোক্ত অধিভুক্তিকরণ সুপারিশ কমিটি সংশ্লিষ্ট সংস্থার কার্যক্রম সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিল করবেন।

- উপজেলা পর্যায়ে অবস্থিত পৌরসভা এবং ইউনিয়নে সিবিডি কার্যক্রম পরিচালনার জন্য অধিভুক্তিকরণ সুপারিশ কমিটি ঃ
  ক. উপজেলা চেয়ারম্যান - সভাপতি ।
  খ. মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) - সদস্য
  গ. সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা - সদস্য
  ঘ. সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (এমসিএইচ-এফপি) - সদস্য
  ঙ. উপজেলা/থানা পরিবার পরিকল্পনা কর্মকর্তা - সদস্য সচিব।

- সিটি কর্পোরেশন এবং জেলা সদরে অবস্থিত পৌরসভায় সিবিডি কার্যক্রম পরিচালনার জন্য অধিভুক্তিকরণ সুপারিশ কমিটি নিম্নরূপ ঃ
  ক. উপ-পরিচালক , পরিবার পরিকল্পনা - সভাপতি ।
  খ. সহকারী পরিচালক , পরিবার পরিকল্পনা - সদস্য ।
  গ. সহকারী পরিচালক, (সিসি) - সদস্য ।
  ঘ. মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), সদর/সংশ্লিষ্ট উপজেলা, সদস্য।
  ঙ. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর/সংশ্লিষ্ট উপজেলা- সদস্য সচিব।